গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

**ঢাকা, মঙ্গলবার ২১ জুলাই ২০১৫, ৬ শ্রাবণ ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ধর্মীয় ভাবগাম্ভীর্যে ঈদুল ফিতর উদযাপন

২। বাংলাদেশ সাম্প্রদায়িক সম্প্রীতির অনন্য প্রতীক : ঈদ সংবর্ধনায় রাষ্ট্রপতি

৩। দেশের ক্ষতি করার ক্ষমতা আর কারো নেই : প্রধানমন্ত্রী

৪। মন্ত্রিপরিষদে আর পরিবর্তনের সম্ভাবনা নেই : অর্থমন্ত্রী

৫। দক্ষ ও যোগ্যদের দিয়েই প্রশাসন  পরিচালনা করা হচ্ছে : জনপ্রশাসন মন্ত্রী

৬। পুলিশে দুর্নীতি দূর করব : স্বরাষ্ট্রমন্ত্রী

৭। আইনশৃঙ্খলা ছিল স্বাভাবিক : ঈদে দায়িত্বে ছিল সোয়া লাখ পুলিশ সদস্য

৮। মধ্যবাড্ডায় শতাধিক টংঘর আগুনে পুড়ে ছাই

৯। বাংলাদেশি শ্রমিক নিয়োগে নিষেধাজ্ঞা দেবে না সৌদি আরব

১০। ঈদের ছুটিতে সড়ক দুর্ঘটনায় ৬২ জন নিহত

১১। চট্টগ্রামে পাহাড় ধসে ৬ জনের মৃত্যু : দুটি মামলা, গ্রেফতার ২

চলমান পাতা/২

১। ধর্মীয় ভাবগাম্ভীর্যে ঈদুল ফিতর উদযাপন

যথাযোগ্য মর্যাদায় ধর্মীয় ভাবগম্ভীর পরিবেশে এবং ব্যাপক উৎসব উদ্দীপনার মধ্য দিয়ে রাজধানীসহ সারাদেশে মুসলিম উম্মাহর বড় উৎসব ঈদুল ফিতর উদ্‌যাপিত হয়েছে। পবিত্র রমজানের সিয়াম সাধনার পর দেশের মুসলিম সম্প্রদায় তাদের বৃহত্তম ধর্মীয় উৎসব ঈদুল ফিতর উদ্‌যাপন করছে। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.১), সমকাল (পৃ.১,ক.১), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.১), নিউ এজ (পৃ.১,ক.৬)। ইনকিলাব এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

২। বাংলাদেশ সাম্প্রদায়িক সম্প্রীতির অনন্য প্রতীক : ঈদ সংবর্ধনায় রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেছেন, বাংলাদেশ সারা বিশ্বে সাম্প্রদায়িক সম্প্রীতির একটি অনন্য প্রতীক। বাংলাদেশে প্রতিটি সামাজিক ও ধর্মীয় উৎসব সবার উৎসবে পরিণত হয়। কারণ, ধর্মমত-নির্বিশেষে সব মানুষ এতে যোগ দেয়। রাষ্ট্রপতি গত ১৮ জুলাই শনিবার সকালে বঙ্গভবনে মুসলমানদের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব ঈদুল ফিতর উপলক্ষে আয়োজিত এক সংবর্ধনা অনুষ্ঠানে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এসব কথা বলেন। সূত্র-প্রথম আলো (পৃ.২,ক.৭), সংবাদ (শেষ পৃ.,ক.১)।

৩। দেশের ক্ষতি করার ক্ষমতা আর কারো নেই : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিএনপি জোটের আন্দোলনের হুমকির জবাবে বলেছেন, দেশের ক্ষতি করার মতো ক্ষমতা এখন আর কারো নেই, আর ভবিষ্যতেও হবে না। জনগণ সরকারের সঙ্গে থাকলে কেউই দেশের ক্ষতি করতে পারবে না। কারণ জনগণই হচ্ছে প্রধান শক্তি। গত ১৮ জুলাই শনিবার ঈদের দিন গণভবনে দলের নেতা-কর্মী, পেশাজীবী, বিচারক ও বিদেশি কূটনীতিকসহ সর্বস্তরের মানুষের সঙ্গে ঈদের শুভেচ্ছা বিনিময় শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে প্রধানমন্ত্রী আরো বলেন, সরকারের কাজে গতি আনতেই মন্ত্রিসভায় রদবদল করা হয়েছে। তাছাড়া সংসদীয় গণতন্ত্রে মন্ত্রিসভায় রদবদল একটি স্বাভাবিক বিষয় এবং যে কোনো সময় তা করা হতে পারে। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৬), প্রথম আলো (পৃ.২,ক.৫), জনকণ্ঠ (পৃ.১,ক.২), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.২), ডেইলি সান (শেষ পৃ.,ক.২)।

৪। মন্ত্রিপরিষদে আর পরিবর্তনের সম্ভাবনা নেই : অর্থমন্ত্রী

ঈদের পর মন্ত্রিপরিষদে আর বড় ধরনের কোনো পরিবর্তনের সম্ভাবনা নেই বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। গত ১৯ জুলাই রোববার সিলেটের যুগলটিলা ইসকন আয়োজিত রথযাত্রার মহোৎসব উপলক্ষে আলোচনা সভা শেষে সাংবাদিকদের তিনি এ কথা জানান। মন্ত্রিসভায় সাম্প্রতিক রদবদল সম্পর্কে সাংবাদিকেরা অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করলে তিনি বলেন, প্রধানমন্ত্রী মন্ত্রিসভায় যে পরিবর্তন এনেছেন, তাতে দেশের উন্নয়নের পথ সুগম হবে। মন্ত্রিপরিষদে পরিবর্তন একটি ধারাবাহিক প্রক্রিয়া। নতুন করে সরকার গঠনের পর যে পরিবর্তন প্রয়োজন ছিল, প্রধানমন্ত্রী সেটাই একটু দেরি করে বাস্তবায়ন করেছেন। সূত্র-প্রথম আলো (পৃ.৩,ক.৫), সমকাল (পৃ.১৫,ক.৬), ইনকিলাব (পৃ.৩,ক.৭)।

৫। দক্ষ ও যোগ্যদের দিয়েই প্রশাসন পরিচালনা করা হচ্ছে : জনপ্রশাসন মন্ত্রী

জনপ্রশাসন মন্ত্রী ও আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সৈয়দ আশরাফুল ইসলাম বলেছেন, বর্তমান সরকার প্রশাসনকে দলীয়করণে বিশ্বাস করে না। প্রতিটি ক্ষেত্রে দক্ষ ও যোগ্য ব্যক্তিদের দিয়েই প্রশাসন পরিচালনা করা হচ্ছে। যে যেমন যোগ্য, তাকে সেভাবে মূল্যায়ন করা হবে। আমরা সম্পূর্ণ নিরপেক্ষভাবে, যেখানে যার যোগ্যতা আছে সেখানে তার কাজ করার সুযোগ দেওয়ায় বিশ্বাসী। গতকাল ২০ জুলাই সোমবার সচিবালয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে সম্মেলন কক্ষে কর্মকর্তা-কর্মচারীদের সাথে ঈদ শুভেচ্ছা বিনিময়ের পূর্বে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। গত ১৬ জুলাই বৃহস্পতিবার জনপ্রশাসন মন্ত্রণালয়ের দায়িত্ব পান তিনি। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৪), প্রথম আলো (পৃ.১,ক.৭), সংবাদ (পৃ.১,ক.৪), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.২), ডেইলি সান (পৃ.১,ক.১)।

৬। পুলিশে দুর্নীতি দূর করব : স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল পুলিশ প্রশাসনের সব ধরনের দুর্নীতি দূর করার প্রত্যয় ব্যক্ত করেছেন। স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী থেকে পূর্ণমন্ত্রীর দায়িত্ব পাওয়ার পর গতকাল ২০ জুলাই সোমবার প্রথম কর্মদিবসে নিজ দফতরে তিনি সাংবাদিকদের কাছে এ প্রতিক্রিয়া ব্যক্ত করেন। তিনি বলেন, আমি বলব না কোনো দুর্নীতি নেই। ছোট-খাটো যেসব দুর্নীতি রয়েছে পুলিশের মধ্যে, তা দূর করা হবে। সূত্র-ইত্তেফাক (পৃ.৩, ক.৫), সমকাল (পৃ.১৫,ক.৫), ইনকিলাব (পৃ.২,ক.৩)।

৭। আইনশৃঙ্খলা ছিল স্বাভাবিক : ঈদে দায়িত্বে ছিল সোয়া লাখ পুলিশ সদস্য

প্রতিবছরের মতো এবারো ঈদে সড়কপথে ঈদ যাত্রা নিয়ে ছিল চরম আতঙ্ক। কিন্তু শেষটায় ভালোভাবেই মানুষ হাসি মুখে ফিরেছেন ঘরে। শুধু ঢাকা-টাঙ্গাইল সড়কে ঈদের আগে তৈরি হয়েছিল কিছুটা যানজট। এছাড়া দেশের অন্যান্য মহাসড়কের চিত্র ছিল ভিন্ন। ট্রেন ও লঞ্চ যাত্রীদেরও কোনো ধরনের ভোগান্তির মুখোমুখি হতে হয়নি। অপরদিকে আইনশৃঙ্খলা পরিস্থিতিও ছিল স্বাভাবিক। শুরু থেকে শেষ রমজান ও ঈদের ছুটিতে বড় ধরনের কোনো অপরাধ সংঘটিত হয়নি। এদিকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, সরকারের সুব্যবস্থার কারণেই দেশের মানুষ শান্তি

ও নির্বিঘ্নে গ্রামের বাড়িতে গিয়ে পরিবার পরিজনের সঙ্গে ঈদ উদ্‌যাপন করতে পেরেছেন। ঈদের দিন সকালে নিজের বাসভবন গণভবনে সর্বস্তরের মানুষের সঙ্গে ঈদের শুভেচ্ছা বিনিময় শেষে তিনি এ কথা জানান। এ সময় তিনি ঈদ উপলক্ষে ঘরমুখো মানুষ ঠিকমত বাড়ি ফিরতে পারায় আইনশৃঙ্খলা রক্ষা বাহিনীকে ধন্যবাদ জানান। সূত্র-ইত্তেফাক (পৃ.২,ক.১), সংবাদ (শেষ পৃ.,ক.৪), ভোরের কাগজ (পৃ.১,ক.৬), ইন্ডিপেনডেন্ট (পৃ.২,ক.৪)।

৮। মধ্যবাড্ডায় শতাধিক টংঘর আগুনে পুড়ে ছাই

গতকাল ২০ জুলাই সোমবার রাজধানীর মধ্যবাড্ডায় প্রায় দুই ঘণ্টাব্যাপী এক ভয়াবহ অগ্নিকাণ্ডে শতাধিক টংঘর ভস্মীভূত হয়েছে। শতাধিক টংঘর, মেসবাড়ি, দোকানের সহস্রাধিক পরিবার সর্বস্বান্ত হয়ে পথে বসেছে এবং অনেকেই খোলা আকাশের নিচে ঠাঁই নিয়েছে। নিম্নআয়ের কর্মজীবী মানুষগুলোর স্বল্প ভাড়ায় মাথাগোঁজার স্থান টংঘর পুড়ে ছাই হয়ে গেলে তারা সর্বস্বান্ত হয়ে আর্তনাদ আহাজারি করেন। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.২), ইনকিলাব (পৃ.১,ক.৫), সংবাদ (শেষ পৃ.,ক.২), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৮), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৫)।

৯। বাংলাদেশি শ্রমিক নিয়োগে নিষেধাজ্ঞা দেবে না সৌদি আরব

বাংলাদেশি শ্রমিক নিয়োগে নিষেধাজ্ঞা আরোপ করবে না সৌদি আরব। বাংলাদেশের সঙ্গে চুক্তি অনুযায়ী সৌদি আরবে বিভিন্ন কাজে প্রতিনিয়ত বাংলাদেশি শ্রমিক নিয়োগ বহাল থাকবে। সৌদি সরকারের মুখপাত্র তাইসার আল-মুফাররাজ গতকাল ২০ জুলাই সোমবার এ তথ্য জানান। তাইসার আল-মুফাররাজ বলেন, 'গৃহস্থালি কাজের জন্য বাংলাদেশ শ্রমশক্তি পাঠাতে প্রস্তুত রয়েছে বলে আমাদের জানানো হয়েছে। আমরা বাংলাদেশের এ প্রস্তাব সানন্দে গ্রহণ করেছি। এরই মধ্যে সদ্য সমাপ্ত রমজানে বাংলাদেশ থেকে অনেক বা বহু নারী গৃহকর্মী সৌদি আরবে এসেছে এবং তারা কাজ করছে।' সূত্র-যায়যায়দিন (পৃ.১,ক.৫), সমকাল (পৃ.১,ক.২), প্রথম আলো (পৃ.১৩,ক.১), ডেইলি সান (শেষ পৃ.,ক.৮), নিউ এজ (শেষ পৃ.,ক.৮)।

১০। ঈদের ছুটিতে সড়ক দুর্ঘটনায় ৬২ জন নিহত

ঈদের ছুটিতে সারাদেশে সড়ক দুর্ঘটনায় ৬২ জন নিহত এবং দেড় শতাধিক আহত হয়েছেন। ঈদের পরদিন সিরাজগঞ্জে পৃথক সড়ক দুর্ঘটনায় ২৫ জন নিহত ও ৭০ জন আহত হয়েছে। এছাড়া কুমিল্লায় ৬ জন, বগুড়া ও রংপুরে চারজন করে নিহত হয়েছে। ময়মনসিংহের ত্রিশালে নিহত হয়েছে তিনজন। নড়াইল, বরিশাল, পটুয়াখালী, যশোর ও মুন্সীগঞ্জ প্রতিটি জেলায় সড়ক দুর্ঘটনায় দুইজন করে নিহত হয়েছে। এছাড়া কুড়িগ্রাম, বরগুনা, মাদারীপুর, ভালুকা, নীলফামারী,নোয়াখালী, নওগাঁ ও ঢাকার আশুলিয়ায় দুর্ঘটনায় একজন করে নিহত হয়েছেন। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.৩), প্রথম আলো (শেষ পৃ.,ক.২), ইত্তেফাক (পৃ.১,ক.৬), ডেইলি স্টার (পৃ.১,ক.৫), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.২)। সংবাদ, ডেইলি সান এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

১১। চট্টগ্রামে পাহাড় ধসে ৬ জনের মৃত্যু : দুটি মামলা, গ্রেফতার ২

চট্টগ্রামে প্রবল বর্ষণে পাহাড় ও দেয়াল ধসে আবারও ঘটেছে মর্মান্তিক প্রাণহানির ঘটনা। গত ১৯ জুলাই রোববার ভোরে নগরীর লালখান বাজার ও বায়েজিদ বোস্তামী থানার আমিন কলোনিতে পাহাড়ের মাটি ও দেয়াল চাপায় নিহত হয়েছে ৫ শিশুসহ ৬ জন। পাহাড়ের পাদদেশে ঝুঁকিপূর্ণ স্থানে কাঁচাঘর তৈরি করে ভাড়া আদায়ের ব্যবসার বলি হতে হলো তাদের। এ ঘটনায় পুলিশ বাদী হয়ে দুটি মামলা দায়ের করেছে। গ্রেফতার করা হয়েছে ২ জনকে। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.২), প্রথম আলো (শেষ পৃ.,ক.২), সংবাদ (পৃ.১,ক.২), ডেইলি স্টার (পৃ.১,ক.২), ডেইলি সান (পৃ.১,ক.৩)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো : প্রজাতন্ত্রের কর্মচারীদের নিরাপত্তা দিতে সম্প্রতি মন্ত্রিসভায় সরকারি কর্মচারী আইনের যে খসড়া অনুমোদন করা হয়েছে সেই পরিপ্রেক্ষিতে এ ধরনের দায়মুক্তি আইন শুধু অসাংবিধানিক ও বৈষম্যমূলক নয়, ন্যায়বিচারেরও পরিপন্থী বলে অভিমত;

খ. ইত্তেফাক : আমন চাষে কৃষকের হতাশা দূর করতে যথাযথ ও বাস্তবসম্মত উদ্যোগের পাশাপাশি কৃষককে মোটিভেশন দেওয়ার ওপর গুরুত্বারোপ;

গ. জনকণ্ঠ : সরকারের গণবান্ধব ও উন্নয়নমূলক কর্মকাণ্ডে জনসাধারণের সম্পৃক্ততাকে অধিকতর গুরুত্ব দেওয়ার আশাবাদ;

ঘ. সংবাদ : ডিএনডি এলাকার মানুষের দুর্ভোগ সমাধানে ডিএনসিসি মেয়রকে কার্যকর উদ্যোগ নেওয়ার সুপারিশ;

ঙ. যুগান্তর : শান্তিপূর্ণ রাজনৈতিক কর্মকান্ড গতি ফিরে পেলে তা দেশে গণতন্ত্রের জন্য সুফল বয়ে আনবে বলে প্রত্যাশা;

চ. সমকাল, প্রথম আলো, ভোরের কাগজ, নিউ নেশন : ঈদে সড়ক দুর্ঘটনায় অনাকাঙ্ক্ষিত প্রাণহানির ঘটনায় সমবেদনা জানিয়ে দায়ীদের শাস্তি নিশ্চিত করার পাশাপাশি সরকারের প্রতি আহতদের সুচিকিৎসা নিশ্চিত করার দাবি;

ছ. ইনকিলাব : সম্প্রতি সামাজিক সংঘাত ও সংঘর্ষ বেড়ে যাওয়ায় উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে সম্মিলিত

প্রতিরোধ গড়ে তোলার আহ্বান;

জ. ডেইলি স্টার : চট্টগ্রামে পাহাড় ধসে মৃত্যুর ঘটনা প্রতিরোধে স্থায়ী উদ্যোগ নেওয়ার সুপারিশ;

ঝ. ইন্ডিপেনডেন্ট : নৌ ও সড়ক পথে প্রতি বছর ঈদ যাত্রা নিরাপদ ও ঝুঁকিমুক্ত রাখতে পূর্ব থেকেই পরিকল্পিত পরিকল্পনা প্রণয়ন ও তা বাস্তবায়নের উদ্যোগ নেওয়ার ওপর গুরুত্বারোপ;

ঞ. ডেইলি সান : মধু আহরণ, সংরক্ষণ ও রপ্তানিতে সরকারি পর্যায়ে যথাযথ নীতি প্রণয়নের সুপারিশ;

ট. নিজ এজ : সুন্দরবনের সুরক্ষায় এর ভেতরের নদী দিয়ে বাণিজ্যিক যানবাহন চলাচলের ওপর সরকারকে নিষেধাজ্ঞা আরোপের সুপারিশ;

ঠ. ফিনানশিয়াল এক্সপ্রেস : সীমান্তে মাদক পাচার প্রতিরোধে ভারত, মায়ানমার ও বাংলাদেশকে যৌথ পাহারার ব্যবস্থা জোরদার করার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

সংবাদ পত্রিকায় প্রকাশিত কলামে গণমুখী বিচার ব্যবস্থা এমন হবে যেন কেউ মিথ্যা কিংবা হয়রানিমূলক মোকদ্দমা করতে সাহস না পায় এবং বিচার কাজটিতে জুরি পদ্ধতি গ্রহণ করলে সামাজিক দায়বদ্ধতা দৃঢ় হবে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

ইনকিলাব পত্রিকায় প্রকাশিত ‘বেসরকারি বিশ্ববিদ্যালয়ে উচ্চশিক্ষার মান’ শিরোনামের নিবন্ধে প্রফেসর মোহাম্মদ আলী উচ্চ শিক্ষার মাধ্যমে দেশের মানুষ সত্যিকার অর্থে মানুষের মত মানুষ হয়ে দেশ প্রেমে উদ্বুদ্ধ হয়ে দেশ ও মানুষের কল্যাণে ব্রতী হোক বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফাহিমা/মরজিনা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা